দৈনিক ইত্তেফাক

তারিখ APR 2 4 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭

416

## প্রকাশিত সংবাদ প্রসঙ্গে ছাত্রী হলের ওয়ার্ডেন

গত ২০ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রী হল হইতে বহিরাগত ছাত্রী বাহির করিয়া দেওয়ার ঘটনাকে কেন্দ্র করিয়া গত বৃহস্পতিবার বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদ প্রসঙ্গে হলের ওয়ার্ডেন রাজিয়া বেগম গত বৃহস্পতিবার এক প্রতিবাদ লিপিতে বলেন, বিশ্ববিদ্যালয়ের হল/হোস্টেল বহিরাগতমুক্ত রাখিতে প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকরা নিয়মিতভাবে বিভিন্ন রুমে পরিদর্শন করিয়া থাকেন। ইহার প্রেক্ষিতে গত ২০ এপ্রিল রাত ৮টায় হল পরিদর্শন করিতে যাইয়া ৫১০ নং কক্ষে একজন বহিরাগত ছাত্রীকে পাওয়া যায়। হলে বহিরাগত থাকার নিয়ম নাই বলিয়া তাহাকে ঐ রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহিলা প্রক্টরের বাসায় থাকার প্রস্তাব দেওয়া হয়। কিন্তু সে তাহার আজিমপুরস্থ আত্মীয়ের বাসায় যাইতে চাহিলে তাহাকে রাত পৌনে ৯টায় রিক্সা করিয়া দেওয়া হয় এবং ঠিকমত বাসায় পৌঁছার বিষয়টিও ফোনে জানান হয়।

কিন্তু পরে রাত ১০টার দিকে কতিপয় ছাত্রী ওয়ার্ডেনের বাসার গেইট জোরপূর্বক খুলিয়া বাসার সামনে আনে। পরে সহকারী ওয়ার্ডেনকে নিয়া তাহাদের সহিত হলে নেওয়া হয়। এই সময় কয়েকজন ছাত্রী আপত্তিকর কথা বলে এবং অন্য ইস্যু তোলে। যাই হউক পরে সব বিষয়ের শান্তিপূর্ণ মীমাংসা হয় এবং ছাত্রীরা ভিসি'র বাসভবনে যাওয়ার সময় কোন শ্লোগানদান বা আপত্তিকর কোনকিছু করে নাই।